


আশ্রয়ণের অধিকার,
শেখ হাসিনার উপহার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।



নং - ০৩.০২.০০০০.৭০১.০২৬.৩১১.২১-১৩৬

তারিখ ২২ পৌষ ১৪২৭
০৫ জানুয়ারি ২০২১খ্রি.

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
প্রধানমন্ত্রীর কার্যালয়
হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : ২০২০-২০২১ অর্থ বছরে মাদারীপুর জেলার মাদারীপুর সদর উপজেলাধীন বলাইচর আশ্রয়ণ প্রকল্পে অগ্নিকাণ্ডে ভস্মিভূত ব্যারাক পুনঃনির্মাণ এর ব্যয় নির্বাহের জন্য উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে অর্থ বরাদ্দ।

মহোদয়,

আমি মাদারীপুর জেলার মাদারীপুর সদর উপজেলাধীন বলাইচর আশ্রয়ণ প্রকল্পে অগ্নিকাণ্ডে ভস্মিভূত ব্যারাক পুনঃনির্মাণের লক্ষ্যে পাঁচ ইউনিটের দুটি সিজিআই সীট ব্যারাক নির্মাণের ব্যয় নির্বাহের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে প্রকল্পের বিপরীতে বর্ণিত পরিমাণ অর্থ বরাদ্দ প্রদান করছি এবং উক্ত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ব্যয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে অথরিটি প্রেরণের জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি -

ক্রঃ নং	জেলা	উপজেলা	প্রকল্পের নাম	ব্যারাক সংখ্যা	বরাদ্দকৃত অর্থ
১	মাদারীপুর	মাদারীপুর সদর	বলাইচর আশ্রয়ণ প্রকল্প (পাঁচ ইউনিটের দুটি সিজিআই সীট ব্যারাক, টয়লেট ও টিউবওয়েলসহ)	২	১৭৪৩২৬২.০০
			মোট	২	১৭৪৩২৬২.০০

কথায়: সতের লক্ষ তেতাল্লিশ হাজার দুইশত বাষট্টি টাকা মাত্র।

২। প্রেরিত প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক গুণগতমান বজায় রেখে আগামী ৩০.০৬.২০২১খ্রিঃ তারিখের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে।

৩। প্রকল্প বাস্তবায়ন টার্মফোর্স এর সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথোপযুক্ত হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।

৪। “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮” এবং টেন্ডার ও অর্থ ব্যয় সংক্রান্ত সরকারী আর্থিক বিধি ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫। কার্যাদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট ঠিকাদার ১৫ (পনের) দিনের মধ্যে প্রকল্পের কাজ শুরু করতে অসমর্থ হলে কার্যাদেশ বাতিলপূর্বক এ কার্যালয়কে অবহিত করতে হবে।

৬। উপজেলা নির্বাহী অফিসার কার্যাদেশ প্রদানের পর প্রকল্পের কাজ শেষ না হওয়া পর্যন্ত মাসিক অগ্রগতির প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহে এ দপ্তরে পৌছানো নিশ্চিত করবেন।

৭। এই ব্যয় ৪১১১৩১৫ স্মল ক্যাপিটাল ওয়ার্ক (মেরামত) খাতে ১ম হতে ৩য় কিস্তি পর্যন্ত ছাড়কৃত অর্থ হতে নির্বাহ করা হবে।

৮। এই ব্যয় ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের গ্রান্ট নং ০২ কোড নং ১০৩০১০২-২২৪০০০৬০০-৪১১১৩১৫ আশ্রয়ণ-২ প্রকল্প হতে সংকুলান করা হবে।


৯। কাজটি সম্পাদনের পর কোন অর্থ উদ্ধৃত থাকলে তা ৩০শে জুন, ২০২০ এর পূর্বে চালানের মাধ্যমে ১০৩০১০২-১৪৪১২০২ অথবা ১-০৩০১-০০০২-২৬৭১ নং কোডে সরকারী কোষাগারে জমা করে চালানের কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১০। প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সাথে "emboss" সীল দেখে বরাদ্দ পত্রের যথার্থতা নিশ্চিত করতে হবে।

১১। উক্ত অর্থ ব্যয়ের পর সংশ্লিষ্ট কোডে হিসাব ভুক্তি করে প্রকল্প অফিসকে অবহিত করার জন্য উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হ'ল।

১২। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং- ১৫/মূসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪খ্রিঃ এবং স্মারক নং ০৮.০১.০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬, তারিখ ৩০/০৪/২০১৪খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মূসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

আপনার বিশ্বস্ত,



প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)



ফোন : ৪৮১১২৬১৮

মোবাইল : ০১৭১১৫৬৪৬৬৬

ইমেইল : ashrayanpmo@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা
- ২। জেলা প্রশাসক, মাদারীপুর।
- ৩। জেলা হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা, মাদারীপুর (বরাদ্দকৃত অর্থ ব্যয়ের পর হিসাবভুক্তির জন্য অনুরোধ করা হ'ল)
- ৪। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারীপুর সদর, মাদারীপুর।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর সদর, মাদারীপুর।
- ৬। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মাদারীপুর সদর, মাদারীপুর।
- ৭। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারীপুর সদর, মাদারীপুর।
- ৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মাদারীপুর সদর, মাদারীপুর।
- ৯। প্রকল্প নথি/অফিস কপি।